

নিউ ইয়র্ক শহর  
মেয়রের কার্যালয় এবং  
নিউ ইয়র্ক সিটি নগর পরিকল্পনা বিভাগ  
একটি গণশুনানির বিজ্ঞপ্তি এবং প্রস্তাবিত 2024 সালের বার্ষিক কর্ম পরিকল্পনা ও  
প্রণয়ন বিষয়ে মন্তব্যের সময়কাল

সকল আগ্রহী সংস্থা, কমিউনিটি বোর্ড, গ্রুপ এবং ব্যক্তিদের প্রতি:

নাগরিকদের অংশগ্রহণ সংক্রান্ত যুক্তরাষ্ট্র আবাসন ও নগর উন্নয়ন বিভাগ (U.S. Department of Housing and Urban Development, HUD) 24 CFR 91.105 এর সমন্বিত পরিকল্পনার প্রবিধান অনুসারে, মেয়রের কার্যালয় (Mayor's Office of Operations), নিউ ইয়র্ক সিটির বার্ষিক কর্ম পরিকল্পনা বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত সংস্থাগুলিসহ একটি সময়সূচি নির্ধারণ করেছে:

বৃহস্পতিবার, 4 এপ্রিল, সন্ধ্যা 6:00 থেকে 7:00 পর্যন্ত প্রস্তাবিত 2024 সালের বার্ষিক কর্ম পরিকল্পনা ও প্রণয়ন বিষয়ে সশরীর এবং ভার্চুয়াল শুনানির জন্য। বৃহস্পতিবার, 14 মার্চ, 2024 থেকে শুক্রবার, 12 এপ্রিল, 2024 পর্যন্ত 30 দিন জনসাধারণের মন্তব্যের জন্য।

শুনানিতে সশরীর কিংবা ভার্চুয়ালি উপস্থিত হওয়া যাবে।

নগর পরিকল্পনা বিভাগ (The Department of City Planning) আপনাকে একটি পূর্বনির্ধারিত Zoom মিটিংয়ে আমন্ত্রণ জানাচ্ছে  
ওয়েবিনার আইডি: 841 9285 7219

জনসাধারণের অংশগ্রহণের জন্য ZOOM link:

<https://us06web.zoom.us/j/84192857219?pwd=BKDobSSaDNKRbPKvsLb91BrG0qcaXD.1>

নগর পরিকল্পনা বিভাগ আপনাকে একটি পূর্বনির্ধারিত সশরীর উপস্থিতির বৈঠকে আমন্ত্রণ জানাচ্ছে

NYC City Planning Commission Hearing Room,  
Lower Concourse, 120 Broadway, Manhattan.

প্রস্তাবিত বার্ষিক কর্ম পরিকল্পনাটি যুক্তরাষ্ট্র আবাসন ও নগর উন্নয়ন বিভাগ (Department of Housing and Urban Development, HUD) কর্তৃক অপরিহার্য করা হয়েছে। এটি Cranston-Gonzalez আবাসন আইনের সমন্বিত আবাসন ব্যয়ক্ষমতা সংক্রান্ত কৌশলের বিধিবদ্ধ আবশ্যিকতা এবং চারটি HUD কমিউনিটি পরিকল্পনা ও উন্নয়ন কার্যালয়ের (Office of Community Planning and Development)

অধিকার কর্মসূচির জন্য সিটির বার্ষিক আবেদনকে একীভূত করে: কমিউনিটি উন্নয়ন ব্লক অনুদান (Community Development Block Grant, CDBG), HOME বিনিয়োগ অংশীদারত্ব (HOME Investment Partnerships), জরুরি সমাধান অনুদান (Emergency Solutions Grant, ESG) এবং এইডস আক্রান্ত ব্যক্তিদের জন্য আবাসনের সুযোগ (Housing Opportunities for Persons with AIDS, HOPWA)।

প্রস্তাবিত কর্ম পরিকল্পনাটি শুধুমাত্র তহবিলের জন্য সিটির আবেদন হিসেবে নয় বরং নিউ ইয়র্ক HOPWA যোগ্য মেট্রোপলিটন স্ট্যাটিস্টিক্যাল এলাকা (HOPWA Eligible Metropolitan Statistical Area, HOPWA EMSA)-এর জন্য HOPWA অনুদানের আবেদন হিসেবেও কাজ করে। HOPWA EMSA নিউ ইয়র্ক সিটির পাঁচটি বরো, সেইসাথে তিনটি আপস্টেট নিউইয়র্ক কাউন্টি (Westchester, Rockland এবং Putnam) নিয়ে গঠিত হবে।

পরিকল্পনা প্রণয়ন এবং আবাসন, গৃহহীনদের জন্য পরিষেবা, সহায়ক আবাসন পরিষেবা এবং কমিউনিটির উন্নয়নের চাহিদা, অগ্রাধিকারভিত্তিক আরও ন্যায্য আবাসন এবং প্রস্তাবিত কার্যক্রমের উন্নয়নে নগর সরকারের ফেডারেল তহবিল ব্যবহার সম্পর্কে মন্তব্য পাওয়ার জন্য গণশুনানিটির সময়সূচি নির্ধারণ করা হয়েছে। এছাড়াও, সংস্থার প্রতিনিধিরা 2022 সালে সিটির একীভূত পরিকল্পনা কার্যক্রমের কর্মক্ষমতা সম্পর্কে মন্তব্য পেতে পারেন। এই পরিকল্পনাটি পেতে অনুগ্রহ করে আমাদের সংশ্লিষ্ট পাতাটি দেখুন এখানে:

<https://www.nyc.gov/site/operations/projects/consolidated-plan-annual-performance-reports.page>

ফেডারেল অর্থ বছর (Federal Fiscal Year, FFY) 2023-এর জন্য, নগর সরকার HUD থেকে চারটি HUD ফর্মুলা অনুদান কর্মসূচির জন্য পেয়েছে \$310,374,179: যার মধ্যে রয়েছে যথাক্রমে CDBG-র জন্য \$169,345,195; HOME-এর জন্য \$80,485,864; HOPWA-র জন্য \$45,930,651; এবং ESG-র জন্য \$14,612,469। কংগ্রেস এখনও FFY 2023 HUD অ্যাপ্রোপ্রিয়েশনস বিল পাস করতে পারেনি। ফলে, 2024 সালের জন্য সিটি যে প্রকৃত অনুদান পাবে তা নির্ধারণ করা বাকি রয়ে গেছে।

নিউ ইয়র্ক সিটির *বার্ষিক কর্ম পরিকল্পনা* এবং *নাগরিক অংশগ্রহণ পরিকল্পনা* সম্পর্কিত প্রশ্ন এবং মন্তব্যগুলি নিউ ইয়র্ক সিটির একীভূত পরিকল্পনার প্রোগ্রাম ম্যানেজার Lisa Rambaran-কে ইমেইলে পাঠাতে পারেন, [conplannyc@cityhall.nyc.gov](mailto:conplannyc@cityhall.nyc.gov) এই ঠিকানায় অথবা Mayor's Office of Operations, 253 Broadway 10<sup>th</sup> Floor, New York, New York 10007-এই ঠিকানায়।

গণ শুনানিতে অংশগ্রহণ করার জন্য আপনার যদি বিশেষ বন্দোবস্তের প্রয়োজন হয়, যেমন সাংকেতিক ভাষায় ব্যাখ্যা বা অন্য যে কোনও ব্যবস্থা, অনুগ্রহ করে NYC নগর পরিকল্পনা বিভাগকে জানান। প্রাপ্যতার উপরে ভিত্তি করে বিদেশী ভাষায় ব্যাখ্যা প্রদান করা হবে। অনুগ্রহ করে [accessibilityinfo@planning.nyc.gov](mailto:accessibilityinfo@planning.nyc.gov) এই ইমেইল ঠিকানায় আপনার অনুরোধ পাঠান বা শুনানির অন্তত পাঁচ কর্মদিবস আগে 212-720-3508 নম্বরে ফোন করুন বা একত্রিত পরিকল্পনায় (Consolidated Plan) ইমেইল করুন, [conplannyc@cityhall.nyc.gov](mailto:conplannyc@cityhall.nyc.gov)-এই ঠিকানায়।

নিউ ইয়র্ক শহর:

Eric Adams, মেয়র

Dan Steinberg, পরিচালক, মেয়রের কার্যালয়

তারিখ: 7 মার্চ, 2024